



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭

কৃষিই সমৃদ্ধি

ফোনঃ ৯১১০৯৫৩
৮১২১৯৩১-২
ফ্যাক্সঃ ৯১১৮৪১৫
ই-মেইলঃ bjriinfo@yahoo.com

স্মারক নম্বর-১২.২৩.০০০০.০০৪.১১.০০৫.১৯. ৭৭৪

তারিখ- ০৫ - ৭ - ২০১৯ খ্রি:


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত স্থায়ী শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	প্রয়োজনীয় যোগ্যতা
১	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)	সংশ্লিষ্ট বিষয়ে পি, এইচ, ডি-সহ ২ বৎসরের অভিজ্ঞতা, অথবা বিএসসি (কৃষি)/বিএসসি (টেক)/এম,এস./এম, এস, সি,-সহ ৫ বৎসরের অভিজ্ঞতা। ৩টি মৌলিক গবেষণা প্রবন্ধের প্রকাশনা অগ্রাধিকারযোগ্য।
২	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও) ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)	(ক) ০৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজী ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (খ) মার্কেটিং/বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন/অর্থনীতি বিষয়ে অনূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (গ) ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (ঘ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ অনূন ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; (ঙ) সকল পরীক্ষায় অনূন ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং (চ) সংশ্লিষ্ট বিষয়ে ৩টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে।

শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯-১২-২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে প্রণীত আবেদনের মডেল ফরমে আবেদন করতে হবে। আবেদনের মডেল ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (<http://old.mopa.gov.bd/uploads/2017/archive/forms/admin1-2014-01.PDF>) এবং বিজেআরআই এর ওয়েব সাইট (www.bjri.gov.bd) এ পাওয়া যাবে।
- ২। প্রার্থীগণকে আগামী ২২-০৯-২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে সরাসরি/ডাকযোগে আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে।
- ৩। আগামী ২২-০৯-২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীগণের বয়স সর্বনিম্ন ৩৫ বছর হতে হবে।
- ৪। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর (ডাকযোগে বা সরাসরি) কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৫। প্রার্থীগণকে National Agricultural Research System (NARS) নীতিমালা/মানদণ্ড অনুযায়ী মূল্যায়ণ করা হবে। সে প্রেক্ষিতে নির্দিষ্ট মূল্যায়ণ ফরম ০৪ (চার) প্রস্থ (সংযোজনীসহ) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। নির্দিষ্ট মূল্যায়ণ ফরম বিজেআরআই প্রধান কার্যালয়ের সংস্থাপন শাখা অথবা বিজেআরআই এর ওয়েব সাইট (www.bjri.gov.bd) হতে Download করে সংগ্রহ করা যাবে।
- ৬। আবেদনকারীকে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।
- ৭। আবেদনপত্রের খামের উপর পদের নাম ও জেলা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৮। প্রাপ্ত সকল আবেদনপত্র পরীক্ষা এবং বাছাই এর পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের অনুকূলে মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র প্রেরণ করা হবে। আবেদনকারীগণকে মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।
- ১০। আবেদনকারী যদি কোন তথ্য গোপন করেন এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সে ক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
- ১২। গত ১০-০১-২০১৯ খ্রিঃ তারিখে দৈনিক ভোরের কাগজ ও দি ইনডিপেন্ডেন্ট পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী আবেদন করেছিলেন তাদেরকে হালনাগাদ জীবনবৃত্তান্তসহ পুনরায় আবেদন করতে হবে।
- ১৩। এ নিয়োগ বিজ্ঞপ্তি কৃষি মন্ত্রণালয়ের স্মারক নম্বর-১২.০০.০০০০.০৬৩.১১.০০১.১৭.৪৫৪, তারিখ-৩০-১০-২০১৮ খ্রিঃ এর আলোকে প্রচার করা হলো।
- ১৪। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- ১৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


(ড. মাহমুদ আল হোসেন)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন-৯১১০৯৫৩